

বাকুবির ৪৯ জন শিক্ষার্থী পেলেন পিএইচডি ডিগ্রি

বাকুবির প্রতিনিধি

০৮ জানুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবির) ৩২৭তম সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী ৪৯ শিক্ষার্থীকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়েছে। গতকাল বিষয়টি নিশ্চিত করেছেন জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ তৌলিকুল ইসলাম।

UNIBOTS

বিশ্ববিদ্যালয়ের ১৮৪তম এবং ১৮৫তম সিন্ডিকেট সভায় ওই শিক্ষার্থীদের ডিগ্রি অনুমোদন দেওয়া হয়। এর মধ্যে ১৮৪তম সিন্ডিকেট সভায় ৩১ জন এবং ১৮৫তম সিন্ডিকেট সভায় ১৮ জনের পিএইচডি ডিগ্রি অনুমোদন দেওয়া হয়েছে।

ডিগ্রিপ্ৰাপ্তরা হলেন- মেডিসিন বিভাগের মো. ইয়ামিন আলী; ফার্মাকোলজি বিভাগের মোহাম্মদ আব্দুস সাত্তার ভূঁইয়া ও আমিনাতু আবু বকর

সানি; এগ্রোনমি বিভাগের একেএম রাশেদুল ইসলাম, উম্মায় কুলসুম লায়লী, তানিয়া সরমিন, সুজন মাহমুদ, চন্দন কুমার মহাপাত্র ও নর্গিস পারভিন; এনটোমোলজি বিভাগের মো. নুরে আলম সিদ্দিকী; জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং বিভাগের মো. আরিফুল ইসলাম, বিষ্ণু পদ রায়, হাসান মোহাম্মদ তারিক, কেএম বদরুল হক ও একেএম সাজ্জাদুল ইসলাম; এগ্রিকালচারাল এক্সটেনশন এডুকেশন বিভাগের মো. কামরুজ্জামান, মুহাম্মদ হাবিবুর রহমান মুকুল, মোহাম্মদ লিয়াকত হোসেন খান ও শিফাত সুলতানা; এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের এমএসটি আমেনা খাতুন; অ্যানিমেল ব্রিডিং অ্যান্ড জেনেটিক্স বিভাগের মোছা. ফারহানা আফরোজ; অ্যানিমেল নিউট্রিশন বিভাগের মো. আসাদুল আলম; পোলট্রি সায়েন্স বিভাগের মো. হুমায়ুন কবীর; ইরিগেশন অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট বিভাগের দেব কুমার নাথ; এগ্রিকালচারাল অ্যান্ড অ্যাপ্লাইড স্ট্যাটিস্টিক্স বিভাগের নূর মোহাম্মদ; ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী; ফিশারিজ বায়োলজি অ্যান্ড জেনেটিক্স বিভাগের এমটি শামীমা ইয়াসমিন; মাইক্রোবায়োলজি অ্যান্ড হাইজিন বিভাগের ফাতিমা মুহাম্মদ বাল্লাহ, মোস্তফা কামাল, মোহাম্মদ আইনুল হক, এমএসটি কোহিনূর পারভীন, তারানা আহমেদ, সামিয়া আফরোজ, ফাতেহা আক্তার ইমা, মোহাম্মদ আসির উদ্দিন ও মোহাম্মদ মুকলেসুর রহমান; প্ল্যান্ট প্যাথলজি বিভাগের মুহতারিমা জান্নাত ও রুমানা মমতাজ; পোলট্রি সায়েন্স বিভাগের মো. আলতাফ হোসেন; জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং বিভাগের মুহাম্মদ আশরাফুল হাবিব ও মো. নূর আলম সিদ্দিকী; ফিশারিজ বায়োলজি অ্যান্ড জেনেটিক্স বিভাগের সাদিয়া সালাম ও মো. হাদিউজ্জামান; এগ্রিকালচারাল ইকোনমিক্স বিভাগের বিলকিশ বানু; ফার্ম পাওয়ার অ্যান্ড মেশিনারি বিভাগের নুসরাত জাহান; অ্যাকুয়াকালচার বিভাগের হজরত আলী ও কেএম আবদুল হালিম; ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের মো. কবীর হোসেন ও হার্টিকালচার বিভাগের ইশাথ তাহমিনা।